

B.A. 2nd Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা সাহিত্যে ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ)

Course Code: 20111

Course ID: AHBNG-201-C-3

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যেকোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) 'প্রাকৃত পৈঙ্গল' ও 'গাথাসপ্তশতী' গ্রন্থ দুটির সংকলকের নাম লেখো।
- খ) অভিনব জয়দেব কাকে বলা হয়? তিনি কোন্ শতাব্দীর কবি?
- গ) বাংলায় তুর্কি আক্রমণের সময়কাল উল্লেখ করো। সেইসময় বাংলার শাসনকর্তা কে ছিলেন?
- ঘ) বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যের নাম কী? তিনি কোথাকার অধিবাসী ছিলেন?
- ঙ) কৃষ্ণিবাসের রামায়ণ ক'টি কাণ্ডে বিভক্ত? প্রথম দুটি কাণ্ডের নাম লেখো।
- চ) মালাধর বসু ভাগবতের কোন কোন অংশ অনুবাদ করেন?
- ছ) মুকুন্দ চক্রবর্তীর কাব্যে রচনাকাল সম্পর্কিত যে পয়ারের উল্লেখ আছে তা লেখো।
- জ) বৃন্দাবন দাস রচিত চৈতন্যজীবনী গ্রন্থটির নাম কী? গ্রন্থটির পূর্ব নাম কী ছিল?

২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

- ক) পদাবলি সাহিত্যের ইতিহাসে জ্ঞানদাসের কবি প্রতিভার মূল্যায়ন করো।
- খ) বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির গুরুত্ব বুঝিয়ে দাও।
- গ) রামায়ণ ও মহাভারতের তুলনায় ভাগবত অনুবাদের ধারাটি ক্ষীণ কেন সংক্ষেপে লেখো।
- ঘ) ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা হয় কেন সংক্ষেপে বুঝিয়ে দাও।

৩। যেকোনো দুটি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

- ক) বাংলা ভাষার জন্মলগ্নের ইতিহাস সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।
- খ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতির অন্তর্ভুক্তির কারণ বিশ্লেষণ করো।
- গ) মহাভারতের অনুবাদক কাশীরাম দাসের কৃতিত্ব আলোচনা করো।
- ঘ) চণ্ডীমঙ্গল কাব্যধারায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।